যুগান্তর

তারিখ 5 FEB 2009
পৃষ্ঠা ১২ কলাম ৪

# বরিশাল শিক্ষা বোর্ডে হ্রাস পাচ্ছে পরীক্ষার্থীর সংখ্যা

বরিশাল ব্যুরো

ক্রমেই হ্রাস পাচ্ছে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা। আসন্ন এসএসসি পরীক্ষায় এবার বরিশাল শিক্ষা বোর্ডের আওতায় অংশগ্রহণ করবে ৪৮ হাজার ৭শ' পরীক্ষার্থী। এ সংখ্যা গত বছরের চেয়ে প্রায় ৩শ' এবং ২০০৬ সালের চেয়ে ৮ হাজার কম। খারাপ ফলাফলের জন্য বেতন বন্ধ করার সরকারি নির্দেশের কারণেই স্কুলগুলো কম পরীক্ষার্থী প্রেরণ করছে বলে দাবি করেছে শিক্ষা বোর্ড কর্মকর্তারা। শিক্ষা বোর্ড সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, আগামী ১৫ ফেব্রুয়ারি শুরু হবে ২০০৯ সালের এসএসসি পরীক্ষা। এ বছর পরীক্ষার্থীর সংখ্যা ৪৮ হাজার ৮০৭ জন। এর মধ্যে বরিশাল জেলায় সর্বোচ্চ ১৭ হাজার ৫১৩, পটুয়াখালীতে ৮ হাজার ৬৯৫, পিরোজপুরে ৬ হাজার ৭৩৯, ভোলায় ৫ হাজার ৯৭৬, ঝালকাঠিতে ৫ হাজার ৩৪ এবং বরগুনায় সর্বনিম্ন ৪ হাজার ৮৫৫ জন। বোর্ডের এক পরিসংখ্যানে জানা গেছে, গত চার বছরের মধ্যে এবার পরীক্ষার্থীর সংখ্যা সর্বনিম্ন। ২০০৬ সালে এখানে এসএসসি পরীক্ষার্থী সংখ্যা ছিল ৫৬ হাজার ৫৯২, ২০০৭ সালে ৫ হাজার কমে এ সংখ্যা দাঁড়ায় ৫১ হাজার ৫৯১ জনে। এছাড়া ২০০৮ সালে আরও ২ হাজার হ্রাস পেয়ে ৪৯ হাজার ১৪২ এবং এ বছর ৩শ' কমে ৪৮ হাজার ৮০৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। শিক্ষা বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক মনিরুজ্জামান শাহীন জানান, সরকার খারাপ ফলাফলের জন্য স্কুলের বেতন-ভাতা বন্ধের নিয়ম চালু করার কারণেই কমছে পরীক্ষার্থীর সংখ্যা।